

## বঙ্গবন্ধুর প্রশংসায় ক্লিনটন

প্রেসিডেন্ট বিল ক্লিনটন জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে বলেন, তিনি জাতিকে ঐক্যবন্ধ করেছিলেন। খবর বাসস'র। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে আলোচনার পর প্রেসিডেন্ট ক্লিনটন এক বিবৃতিতে বলেন, তাঁর (বঙ্গবন্ধু মুজিবের) উদ্দীপনা ও অঙ্গীকার জনগণকে ঐক্যবন্ধ করেছিল। মুক্তিযুদ্ধের কথা স্মরণ করে ক্লিনটন বলেন, ২৯ বছর আগে বাংলাদেশ এই মাসেই অস্তিত্ব রক্ষার যুদ্ধ একাই শুরু করেছিল।

প্রেসিডেন্ট ক্লিনটন সম্ভবত তাঁর দেশের সমালোচনা করে বলেছেন, বাংলাদেশ সেসময় বিশ্বের অনেক দেশ থেকেই সমর্থন পাবার যোগ্য হলেও তা পায়নি। ক্লিনটন বলেন, যুক্তরাষ্ট্র ও বাংলাদেশ ভৌগোলিকভাবে একে অপরের থেকে অনেক দূরে অবস্থান করলেও ব্যবসা ও ইন্টারনেটের সম্প্রসারণের মাধ্যমে একে অপরের কাছাকাছি আসছে এবং এই দু'টি দেশ শান্তিপূর্ণ, সহিষ্ণু ও সমৃদ্ধ বিশ্ব গড়ে তুলতে তাদের আগ্রহ কাজে লাগাচ্ছে। ক্লিনটন বসনিয়া ও কসোভোতে শান্তিরক্ষী প্রেরণ এবং সিটিবিটিতে স্বাক্ষরকারী প্রথম দক্ষিণ এশীয় দেশ হওয়ায় বাংলাদেশের বর্তমান নেতৃত্বের প্রশংসা করেন।